

আন্তর্জাতিক

মার্কিন হামলায় ওমান উপসাগরে ডুবল ইরানের তেলবাহী ট্যাংকার

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ০৬ সেপ্টেম্বর ২০২৬, ০৬:৪৮ PM



যুক্তরাষ্ট্রের হামলার পর ওমান উপসাগরে ডুবে গেছে ইরানের বিশালাকৃতির তেলবাহী ট্যাংকার এম/টি কায়লো। গতকাল শনিবার কায়লোসহ তিনটি ট্যাংকারে হামলা চালায় মার্কিন সেনারা।

মার্কিন সামরিক বাহিনী বলেছে, ইরানের ইসলামিক বিপ্লবী গার্ড তাদের যুদ্ধজাহাজে হামলা চালিয়েছে। এর জবাবে ইরানের তেলবাহী ট্যাংকারগুলোতে হামলা চালানো হয়।

ওমান উপসাগরে এম/টি কায়লো ডুবে যাওয়ার একটি ভিডিও প্রকাশ করেছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর মধ্যপ্রাচ্যবিষয়ক ইউনিট সেন্টকম।

আজ রোববার সকালে প্রকাশিত ওই ভিডিওতে দেখা যায়, হামলায় ব্যাপক ক্ষতিগ্রস্ত ট্যাংকারটি ধীরে ধীরে পানিতে ডুবে যাচ্ছে।

ভিডিও প্রকাশের পাশাপাশি এক্সে দেওয়া এক বিবৃতিতে সেন্টকম বলেছে, মার্কিন সামরিক বাহিনীর সেনাদের পেশাদারিত্ব ও নিখুঁততার

কারণে এম/টি কায়লো ওমান উপসাগরে ডুবে গেছে। ট্যাংকারটি সমুদ্রের নিচে থাকা ইরানের নৌবাহিনীর সঙ্গে যুক্ত হয়েছে বলেও উল্লেখ করা হয়।

গত ২৮ ফেব্রুয়ারি ইরানে যৌথ হামলা চালায় যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। এরপর দুই দেশের মধ্যে টানা ৪০ দিন যুদ্ধ হয়।

এরপর থেকেই যুক্তরাষ্ট্র দাবি করে আসছে, তারা ইরানের নৌবাহিনীকে পুরোপুরি ধ্বংস করেছে। ইরানের বেশির ভাগ জাহাজও ডুবিয়ে দেওয়া হয়েছে বলে দাবি করে দেশটি।

সেন্টকমের সর্বশেষ বক্তব্যে সেই দাবিই আবার উঠে এসেছে। সংস্থাটি বলছে, আগে ইরানের নৌবাহিনীর যেসব জাহাজ ডুবিয়ে দেওয়া হয়েছিল, নতুন করে এম/টি কায়লোও সেগুলোর সঙ্গে যুক্ত হয়েছে।

এদিকে যুক্তরাষ্ট্রের হামলার জবাবে ইরানের ইসলামিক বিপ্লবী গার্ডও হামলা চালিয়েছে। ইরানের দাবি, তারা যুক্তরাষ্ট্রের তিনটি যুদ্ধজাহাজে হামলা করেছে। এ ছাড়া অনুমতিবিহীন রুটে চলাচলের অভিযোগে হরমুজ প্রণালিতে আরও তিনটি বাণিজ্যিক জাহাজে হামলা চালানো হয়েছে।

গতকাল ইরানের তিনটি তেলবাহী ট্যাংকারে হামলা চালায় মার্কিন সেনারা। যুক্তরাষ্ট্রের দাবি, ইরানের বিপ্লবী গার্ড তাদের দুটি যুদ্ধজাহাজে হামলা চালিয়েছে। এর জেরেই ইরানের তেলবাহী ট্যাংকারগুলোকে লক্ষ্যবস্তু করা হয়।

ইরানের সর্বশেষ হামলার বিষয়ে এখন পর্যন্ত কোনো মন্তব্য করেনি যুক্তরাষ্ট্র।

সূত্র: আলজাজিরা

এ বিভাগের আরও খবর



রিয়াদে আরামকো স্থাপনায় কেপপাস্ত্র-ড্রোন হামলার দাবি ছতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক কেপপাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুথিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা
হয়। স্থানীয় বাস্তু ও বে...



সৌদি আকাশে হুথিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের হুথিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি
করেছে সৌদি নেতৃত্ব...